



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০২০- ২২৬০

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮  
১৮ নভেম্বর ২০২১

### অফিস আদেশ

গত ২৪/১০/২০২১ তারিখ রবিবার দুপুর ১২.৩০ ঘটিকায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এর সভাপতিত্বে ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে জনপ্রতিনিধিগণের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার ৫(ঘ) ও ৬(ঙ) নং সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০১/১১/২০২১ তারিখের ০৪.০০. ০০০০.৬১১.০৬. ০০১.২১.১০২ সংখ্যক পত্রে নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটির ( ২০২১ সালের ২য় সভা) সভার ১.৬ নং সিদ্ধান্তের নির্দেশনা মোতাবেক বিদ্যমান ধর্মীয় সম্প্রীতি বজায় রাখা এবং যে কোন ধরনের অপপ্রচার প্রতিরোধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হল:

(১)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি
(২)	উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
(৩)	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা	সদস্য
(৪)	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
(৫)	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	সদস্য
(৬)	উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার	সদস্য
(৭)	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ- ২ জন	সদস্য
(৮)	কলেজের একজন অধ্যক্ষ	সদস্য
(৯)	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল)	সদস্য
(১০)	মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক - ৩ জন	সদস্য
(১১)	একজন বিশিষ্ট সমাজ সেবক/স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি	সদস্য
(১২)	মাদ্রাসার অধ্যক্ষ - ৩ জন	সদস্য
(১৩)	মসজিদের ইমাম - ৩ জন	সদস্য
(১৪)	হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সম্প্রদায়ের একজন প্রতিনিধি	সদস্য
(১৫)	উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক	সদস্য
(১৬)	উপজেলা পর্যায়ে কর্মরত একজন এনজিও প্রতিনিধি	সদস্য
(১৭)	গ্রাম পুলিশের একজন প্রতিনিধি	সদস্য
(১৮)	উপজেলার অন্তর্গত বৃহত্তম হাট/বাজারের ব্যবস্থাপনা কমিটির একজন প্রতিনিধি	সদস্য
(১৯)	উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য সচিব

০২। এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

#### কমিটির কর্মপরিধি:

- (১) সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সর্বস্তরের জনগণকে সচেতন করার লক্ষ্যে সম্প্রীতি সভা করা;
- (২) উপজেলা এলাকায় সন্দেহজনক লোকজনের উপস্থিতি লক্ষ্য করা গেলে অতিদ্রুত সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করে ব্যবস্থা নিতে হবে;

M. M. Rahman

(৩) সকল ধর্মের মানুষের সহাবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে স্কুল, কলেজ, মাদ্রাসা প্রভৃতি শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সময় সময় আলোচনা করা;

(৪) যে কোন ধরনের অপতৎপরতা প্রতিরোধের জন্য জনগণের সমন্বয়ে স্বেচ্ছাসেবক সংগঠন গড়ে তাদের মাধ্যমে প্রত্যেক ব্যক্তিসমূহের খোজ খবর রাখতে হবে;

(৫) উক্ত কমিটি প্রতিমাসে একটি সভা করে সার্বিক অবস্থা সম্পর্কে কার্যবিবরণী তৈরি করে তার কপি জেলা প্রশাসককে প্রদান করবেন;

(৬) কোন উপজেলায় কোন ধরনের সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হলে উক্ত কমিটিকে দায়িত্ব বহন করতে হবে।

M. M. Rahman  
২৮/১১/২০২১  
এ কে এম মিজানুর রহমান  
উপসচিব

ফোন- ২২৩৩৫৫৫৭৩

E-mail: lgadmin1@lqd.gov.bd

০৩ অগ্রহায়ণ ১৪২৮

তারিখঃ ১৮ নভেম্বর ২০২১

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০২০- ২২৬০/২ (৫)

সদয় অবগতি ও অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়।
- ৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়।
- ৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল)।
- ৭। মেয়র, পৌরসভা (সকল)।
- ৮। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

M. M. Rahman  
২৮/১১/২০২১  
এ কে এম মিজানুর রহমান  
উপসচিব